তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহালের বিকল্প নেই: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

নির্বাচনকালীন নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনরায় চালুর পক্ষে নিজেদের অবস্থান তুলে ধরেছেন সংবিধান সংশোধন বিশেষ কমিটির সভাপতি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, এ ব্যবস্থা ফিরিয়ে আনতেই হবে। তবে সরকার গঠনের প্রক্রিয়া, ক্ষমতা, দায়িত্বের পরিধি ও মেয়াদ নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

বুধবার (২৮ অক্টোবর) জাতীয় সংসদের কেবিনেট কক্ষে সংবিধান সংশোধন বিশেষ কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। এতে নির্বাচনকালীন সরকারব্যবস্থা চালু, সংবিধানের বিভিন্ন ধারা সংশোধন এবং রাজনৈতিক দলগুলোর প্রস্তাবিত জুলাই সনদের বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি গুমের শিকার ব্যক্তিদের পরিবারের সদস্যদের অভিজ্ঞতা ও বক্তব্য শোনেন কমিটির সদস্যরা।

বৈঠক শেষে জাতীয় সংসদের মিডিয়া সেন্টারে সংবাদ ব্রিফিংয়ে কমিটির আলোচনার বিষয়বস্তু তুলে ধরেন সালাহউদ্দিন আহমদ।

তিনি জানান, তত্ত্বাবধায়ক সরকার কীভাবে গঠিত হবে, তার ক্ষমতা ও কার্যপরিধি কতটুকু থাকবে এবং সংসদ ভেঙে যাওয়ার কত দিনের মধ্যে সরকার গঠন করা হবে, তা নিয়ে বিস্তারিত পর্যালোচনা চলছে। ভবিষ্যতে এ সরকার গঠন নিয়ে রাজনৈতিক বিরোধ এড়াতে সম্ভাব্য বিভিন্ন পদ্ধতি খতিয়ে দেখা হচ্ছে।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, তত্ত্বাবধায়ক সরকার গঠনের প্রক্রিয়ায় সার্চ বডি কিংবা নির্বাচন কমিশনকে সম্পৃক্ত করার প্রস্তাবও আলোচনায় রয়েছে। তবে কোন পদ্ধতি চূড়ান্তভাবে গ্রহণ করা হবে, সে বিষয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। সব প্রস্তাব পর্যালোচনা করে সংশোধনী বিল সংসদে উত্থাপন করা হলে সেখানে আলোচনা ও বিতর্কের মাধ্যমে নতুন প্রস্তাব যুক্ত করার সুযোগ থাকবে।

সংবিধান সংশোধনের আলোচনায় রাজনৈতিক দলগুলোর প্রস্তাবিত জুলাই সনদের বিভিন্ন ধারাও বিবেচনায় নেওয়া হচ্ছে বলে জানান সালাহউদ্দিন আহমদ। তাঁর মতে, সনদে থাকা প্রস্তাবগুলোর বিষয়ে সমঝোতার ভিত্তিতে সিদ্ধান্তে পৌঁছানোর চেষ্টা চলছে।

বৈঠকে র‍্যাঙ্কড চয়েস ভোট পদ্ধতি নিয়েও আলোচনা হয়েছে। তবে এ বিষয়ে কমিটির পক্ষ থেকে নোট অব ডিসেন্ট বা ভিন্নমত জানানো হয়েছে। কমিটির সদস্যদের অভিমত, এ ধরনের গুরুত্বপূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে জাতীয় সংসদে বিস্তারিত আলোচনা হওয়া প্রয়োজন।

এ ছাড়া আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে জাতীয়ভাবে গ্রহণযোগ্য নতুন কোনো প্রস্তাব সামনে এলে সেটিও বিবেচনা করা হবে বলে জানান কমিটির সভাপতি।